Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

**তারিখঃ** ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং–১৮৬–আইন/২০১২/৬৪৪–মূসক**।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) ধারা ১৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন**।– (১) এই বিধিমালা মূল্য সংযোজন কর এর আওতায় কেন্দ্রীয় নিবন্ধন ও কর পরিশোধ পদ্ধতি বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় –

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) ;

(খ) "নিবন্ধন" অর্থ আইনের ধারা ১৫ এর অধীন নিবন্ধন;

(গ) "বিল অব এন্ট্রি" অর্থ আইনের ধারা ২ এর দফা (দদদ) এ সংজ্ঞায়িত বিল অব এন্ট্রি;

(ঘ) "প্রস্তুতকারক বা উৎপাদক" অর্থ আইনের ধারা ২ এর দফা (থ) এ সংজ্ঞায়িত প্রস্তুতকারক বা উৎপাদক;

(ঙ) "মূসক" অর্থ মূল্য সংযোজন কর ;

(চ) "মূসক কর্মকর্তা" অর্থ আইনের ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা।

৩। **প্রযোজ্যতা**।–এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

(ক) যেক্ষেত্রে কোন যদি উৎপাদনকারী একটি স্থানে পণ্য উৎপাদনপূর্বক বিভিন্ন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে পণ্য সরবরাহ করেন;

(খ) যেক্ষেত্রে কোন যদি বাণিজ্যিক আমদানিকারক একটি স্থানে পণ্য আমদানিপূর্বক বিভিন্ন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে পণ্য সরবরাহ করেন; অথবা

(গ) যেক্ষেত্রে যদি কোন সেবা প্রদানকারী বিভিন্ন শাখার মাধ্যমে সেবা প্রদান করেন।

Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

৪। **নিবন্ধন**।– (১) পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী যে ঠিকানায় কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিতে ইচ্ছুক সেই ঠিকানা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার নিকট "মূসক-৬" ফরমে প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদন করিবেন এবং উক্ত আবেদনের সহিত সকল শাখা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল নম্বর, যদি থাকে, প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যথাযথ বিবেচিত হইলে, বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিশনারের অনাপত্তি সাপেক্ষে, "মূসক-৮" ফরমে কেন্দ্রীয় নিবন্ধন প্রদান করিয়া প্রতিটি বিক্রয় কেন্দ্র সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও জাতীয় রাজস্ব বোর্ডকে শাখা সমূহের তালিকাসহ উহার সত্যায়িত অনুলিপি সরবরাহ করিবেন।

(৩) উক্তরূপে নিবন্ধিত হইবার পর কোন নূতন বিক্রয় কেন্দ্র খোলাসহ ব্যবসার স্থান বা ব্যবসায় কোন পরিবর্তন হইলে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১২ অনুযায়ী "মূসক-৯" ফরমে সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের মাধ্যমে নিবন্ধন প্রদানকারী বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অবহিত হইবার পর বিভাগীয় কর্মকর্তা উহা অনুমোদন করা বা না করিবার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং উক্ত বিষয়ে বিভাগীয় কর্মকর্তার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

৫। **কর পরিশোধ পদ্ধতি**।- (১) উৎপানকারী এবং বাণিজ্যিক আমদানিকারকের ক্ষেত্রে,

(ক) কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত কার্যালয়কে সকল বিক্রয় ইউনিটের প্রদেয় কর সমন্বিতভাবে অগ্রিম পরিশোধ করাসহ করদায়িতার বিভিন্ন কার্যাবলি পরিচালনা করিতে হইবে;

(খ) কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয়কে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আইনের ধারা ৫ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩ অনুযায়ী "মূসক-১" অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, "মূসক-১(খ)" ফরমে মূল্য ঘোষণা করিতে হইবে;

(গ) বিক্রয়স্তরে ব্যবসায়ী পর্যায়ের মূসক কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয়ে অগ্রিম প্রদানের কারণে ঘোষিত মূল্যে ব্যবসায়ী পর্যায়ের মূল্য সংযোজনও অন্তর্ভুক্ত থাকিতে হইবে;

(ঘ) কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয় হইতে শাখায় বা ভোক্তার নিকট পণ্য সরবরাহের সময় চলতি হিসাব সমন্বয়ের মাধ্যমে মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবে।

(২) সেবা প্রদান করিবার ক্ষেত্রে- কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত কার্যালয়কে সকল সেবা প্রদান ইউনিটের প্রদেয় কর সমন্বিতভাবে দাখিলপত্রের মাধ্যমে পরবর্তী কর মেয়াদের ১৫ (পনের) তারিখের মধ্যে পরিশোধ করিতে হইবে।

৬। **পণ্য ক্রয় ও আমদানি**।– এই বিধিমালার অধীন নিবন্ধিত ব্যক্তিকে কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয়ের নামে উপকরণ ক্রয় বা আমদানি করিতে হইবে।

Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

৭। **চালানপত্র ইস্যু ও সংরক্ষণ**।- নিম্নবর্ণিত পদ্ধতিতে চালানপত্র ইস্যু ও সংরক্ষণ করিতে হইবে, যথা:-

(ক) কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয় হইতে ওয়্যার হাউস কিংবা বিক্রয় ইউনিটে পণ্য সরবরাহকালে "মূসক-১১" চালানপত্র ইস্যু করিতে হইবে।

(খ) কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয় থেকে সকল "মূসক-১১" বা "মূসক-১১ক" চালান বই বিক্রয় ইউনিটসমূহকে সরবরাহ করিতে হইবে এবং সরবরাহকৃত চালান বইয়ের হিসাব একটি রেজিস্টারে কেন্দ্রীয় নিবন্ধিত দপ্তরে সংরক্ষণ করিতে হইবে;

(গ) বিক্রয় ইউনিটসমূহ থেকে প্রতিটি বিক্রয়ের অনুকূলে "মূসক-১১" বা প্রযোজ্য ক্ষেত্রে "মূসক-১১ক" ফরমে চালানপত্র ইস্যু করিতে হইবে এবং এইরূপ চালানপত্রে যথাযথভাবে তথ্য লিপিবদ্ধ করিতে হইবে;

(ঘ) বিক্রয় ইউনিট থেকে ইস্যুকৃত "মূসক-১১" বা "মূসক-১১ক" চালানে বিক্রয় ইউনিটের নাম ঠিকানা লিপিবদ্ধ করিতে হইবে এবং বিক্রয় ইউনিট থেকে "মূসক-১১" বা "মূসক-১১ক" চালানপত্র ইস্যু করিলেও এক্ষেত্রে মূসক প্রদেয় হইবে না।

৮। **পণ্য বিক্রয় সংক্রান্ত তথ্য**।- কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয় হইতে প্রতিটি বিক্রয় ইউনিট বরাবর পণ্য প্রেরণ এবং প্রতিটি বিক্রয় ইউনিটে পণ্যের বিক্রয় বা সরবরাহের বিবরণ বিভাগীয় কর্মকর্তা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিলপত্রের সাথে কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয় সংশ্লিষ্ট স্থানীয় মূসক কার্যালয়ে পেশ করিতে হইবে।

৯। **হিসাব রক্ষণ**।- কেন্দ্রীয় নিবন্ধিত কার্যালয়ে উক্ত আইনের অধীন ধারা ৩১ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২ অনুযায়ী সকল হিসাব সংরক্ষণ করিতে হইবে।

১০। **নিরীক্ষা**।- (১) সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় প্রতি বছর আবশ্যিকভাবে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানটির মূসক নিরীক্ষা কার্য সম্পন্ন করিবে, তবে অনিবার্য কারণে একাধিক বৎসরের হিসাব একত্রে নিরীক্ষা করা যাইবে।

(২) কোন বিক্রয় ইউনিটের অধিক্ষেত্রের কমিশনার বা তার কর্তৃক মনোনীত মূসক কর্মকর্তা প্রয়োজনে তার অধিক্ষেত্রের সংশ্লিষ্ট বিক্রয় ইউনিটের বিক্রয়ের হিসাবসহ সকল নথিপত্র পরীক্ষা করতে পারিবেন এবং এক্ষেত্রে কোন অনিয়ম বা মূসক ফাঁকির আলামত পাওয়া গেলে কেন্দ্রীয় নিবন্ধিত প্রতিষ্ঠানের এখতিয়ার সম্পন্ন সার্কেল, বিভাগ বা কমিশনারেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১১। **দণ্ড**– এই বিধিমালার কোন বিধান ভঙ্গ করিবার অপরাধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কেন্দ্রীয় নিবন্ধন বাতিলসহ উক্ত আইনের ধারা ৩৭ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**[ মোঃ মসিউর রহমান ]**

দ্বিতীয় সচিব (মূসক)

PDF Complete
Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features